



## হাজী আহমদ আলী মাদ্রাসার অধ্যক্ষের অপসারণ দাবি

প্রকাশিত: ২৪ - মার্চ, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার, সিরাজগঞ্জ ॥ বিভিন্ন অনিয়ম, দুর্নীতি ও স্বৈচ্ছাচারিতার অভিযোগে সিরাজগঞ্জ হাজী আহমদ আলী কামিল মাদ্রাসার অধ্যক্ষ মোহাম্মদ শামছুল আলমের অপসারণ দাবিতে মানববন্ধন কর্মসূচী পালন করেছেন শিক্ষক শিক্ষার্থীরা। শনিবার সকালে সিরাজগঞ্জ হাজী আহমদ আলী কামিল মাদ্রাসা প্রাঙ্গণে এই মানববন্ধন কর্মসূচী পালন করা হয়। এ সময় মাদ্রাসার অধ্যক্ষ মোহাম্মদ শামছুল আলমের বিরুদ্ধে ২০১৩ সালে নিজ সন্তানকে পরীক্ষা কেন্দ্রে না বসিয়ে বাড়িতে পরীক্ষা দেয়ার অপরাধে ৩ বছরের সশ্রম কারাদে- দিতে হন।

এরপর গবর্নিং বডি তাকে সাময়িক বরখাস্ত করে। পরে হাইকোর্টের আদেশে দায়িত্ব পালন করেন। ২০১৫/১৬ সালের অনুষ্ঠিত কামিল পরীক্ষার্থীদের কাছ থেকে ম্যাগাজিন প্রকাশ ও সনদ প্রদানের নামে লক্ষাধিক টাকা আত্মসাতে জেলা প্রশাসনের কারণ দর্শানো নোটিস প্রদান, প্রতিষ্ঠানের গাছকাটা, ল্যাপটপ চুরির অভিযোগ ছাড়াও ২০১৮ সালের কামিল পরীক্ষার্থীদের নিকট মৌখিক পরীক্ষায় বেশি নম্বর দেয়ার নামে শিক্ষার্থী প্রতি ৬০০ টাকা আদায়ের অপরাধে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ৭দিনের কারাদ- প্রদান করা হয়। এছাড়াও সকল পরীক্ষার ফরম ফিলাপের টাকা ব্যাংকে জমা না করে নিজের কাছে রাখার অভিযোগের ভিত্তিতে অধ্যক্ষের অপসারণের দাবিতে এইড মানববন্ধন কর্মসূচী পালন করা হয়।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com